

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
খাগড়াছড়ি পার্বত্য জেলা  
সাধারণ শাখা  
[www.khagrachhari.gov.bd](http://www.khagrachhari.gov.bd)

স্মারক নম্বর: ০৫.৪২.৪৬০০.০০২.০০২.২২-৯৭৯

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০


১৩ আগস্ট ২০২৩

বিষয়: বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পী ও তাঁদের মেধাবী সন্তানকে এককালীন বৃত্তি প্রদান

সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর:৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২.৫১, তারিখ: ০৭ আগস্ট, ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াদীন 'বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট' এর পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে মাস্টার্স ও পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য বৃত্তি প্রদান এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য এককালীন মঞ্জুরি/বৃত্তি/স্টাইপেন্ড প্রদানের লক্ষ্যে শিল্পীদের নিকট হতে আবেদন আবহমান করে পুনরায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে, যা সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ([www.moca.gov.bd](http://www.moca.gov.bd)) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট ([www.shilpitrust.portal.gov.bd](http://www.shilpitrust.portal.gov.bd)) এর ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (বিজ্ঞপ্তি ও ফরমের কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট আইন, ২০০১ এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বাংলাদেশ শিল্পী কল্যাণ বিধিমালা, ২০২০ এর বিধি-৫ এর উপ-বিধি (২) এর দফা (খ) ও (গ) অনুযায়ী আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক আগামী ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ের সাধারণ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৩-৮-২০২৩

মোঃ আনোয়ার হোসাইন

সহকারী কমিশনার

ফোন: ০২৩৩৩৩৪৩২৮৫

ফ্যাক্স: ০৩৭১-৬১৩২৮

ইমেইল:

[accgenkhagrachari@mopa.gov.bd](mailto:accgenkhagrachari@mopa.gov.bd)

বিতরণ :

১) উপজেলা নির্বাহী অফিসার, খাগড়াছড়ি

সদর/দীঘিনালা/পানছড়ি/মাটিরাঙ্গা/গুইমারা/রামগড়/মহালছড়ি/মানিকছড়ি/লক্ষ্মীছড়ি,

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২) উপ-পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৩) জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি,

খাগড়াছড়ি পার্বত্য জেলা।।